## বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়গুলিতে ভিন্ন মাত্রার প্রতিবন্ধী শিশুদের

# আচরণ পর্যবেক্ষণ এবং অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা

## গুরুত্বপূর্ণ / মনে রাখার বিষয়াবলী

> শিশুর সাথে কথা বলার সময় তাকে তার নাম ধরে সম্বোধন করতে হবে। বিশেষ কোনো আখ্যা দেয়া যাবে না।

> সহপাঠীদের উৎসাহিত করা।

> ভালো আচরণের প্রশংসা করা এবং চিনতে পারা।

অন্তর্ভুক্তির গল্প

niketan

## আচরণ পর্যবেক্ষণ



শিশু কী খারাপ আচরণ করে?



শিশু কী সহজেই তার কাজ থেকে মনোযোগ হারায়?



শিশুর শ্রবণে সমস্যা আছে বলে মনে কী?

## ইতিবাচক পদক্ষেপ

> খারাপ আচরণগুলো চিহ্নিত করা এবং ঘটার সম্ভাবনা কমিয়ে আনা।

> একটি আচরণ পরিকল্পনা তৈরি করা যেখানে শিশু এবং শিক্ষক উভয়ের দায়িত্ব স্পষ্ট করে উল্লেখ থাকবে এবং শিশু পরিকল্পনাটি অনুসরণ না করলে তার যদাযথ ফলাফল দেয়া থাকবে।

> শিশুর করা প্রতিটি কাজের প্রশংসা করা

> অন্যদের বা শিক্ষককে সাহায্য করার জন্য শিশুকে অতিরিক্ত কিছু কাজ দেয়া যা শিশুর ইতিবাচক আচরণকে আরো মজবুত করবে।

> শিশুর যাতে শ্রেণীকক্ষ থেকে মনোযোগ না হারায় তাই এটা নিশ্চিত করতে হবে যে শিশুটি (জানালা, খোলা আলমারি ইত্যাদি) থেকে দূরে বসে আছে।

> শিশুটিকে আরো মনোযোগী শিশুর সামনে বা পাশে বসতে দেয়া।

> পৃথক অ্যাসাইনমেন্টগুলি সম্পূর্ণ করার জন্য শিশুকে একটি শান্ত পরিবেশ দেয়া কিন্তু এটি কোনো শাস্তি হিসেবে না।


> শ্রেণীকক্ষের বিক্ষিপ্ততা কমানোর চেষ্টা।

> শিশুকে পাঠদানের সময় চোখে চোখ রেখে কথা বলা এবং তা সমর্থন করার জন্য (হাতের) অঙ্গভঙ্গি ব্যবহার করা।

> আলোচ্যবিষয় গুলো বোঝাতে তালিকা এবং ছবি ব্যবহার করা।

> শিশুকে শেখানো জন্য একজন শিক্ষক নিয়োগ করা।

> শিশুকে পাঠদানের বিষয়গুলোর একটি (ভিজ্যুয়াল) রূপরেখা এবং এর উদ্দেশ্যগুলি প্রদান করা।

| আচরণ পর্যবেক্ষণ | ইতিবাচক পদক্ষেপ |
|---|---|
|  শিশুর শারীরিক প্রতিবন্ধকতা আছে কিনা যার ফলে শ্রেণীকক্ষে কিছু সংযোজন করা প্রয়োজন? | > শিশু শ্রেণীকক্ষে আনতে এবং আসন গ্রহণ করতে পারে কিনা তা নিশ্চিত করা।<br>> শিশু তার শেখার উপকরণগুলো পাচ্ছে 'কিনা তা নিশ্চিত কর।<br>> শ্রেণীকক্ষের আসবাব স্থানান্তর করা যাতে চলাচলের পরিষ্কার রাস্তা থাকে।<br>> শিশুর যদি কলম বা পেন্সিল ব্যবহার করতে অসুবিধা হয়, সেক্ষেত্রে তাকে কলম বা পেন্সিল ধরে দেয়া। |
|  শিশুর পড়তে সমস্যা হয় কিনা বা (ডিকোডিং) পড়ার সময় কাজ করতে অসুবিধা হয় কিনা? | > শিশুকে একটি কাগজের টুকরো বা অন্য কিছু দিয়ে পড়ার সময় একবারে একটি বাক্য তুলতে বলা এবং/অথবা প্রতিটি শব্দ পড়ার সময় একটি আঙুল ব্যবহার করতে বলা।<br>> বড় অনুচ্ছেদগুলোকে ছোট ছোট অংশে বিভক্ত করা।<br>> শিশুকে পাঠ্যবিষয়টির মূল ধারণা শনাক্ত করতে এবং তাকে তা সংক্ষিপ্ত করার চেষ্টা করতে শেখানো।<br>> শিশুকে তাড়াহুড়ো না দিয়ে অতিরিক্ত সময় দেওয়া। |
|  শিশুর দেখতে অসুবিধা আছে বলে মনে হয়? | > বোর্ডে পরিষ্কার, বড় অক্ষর লিখা এবং/অথবা বড় হাপের সামগ্রী ব্যবহার করা।<br>> শিশুকে সামনে সারিতে বসতে দেওয়া।<br>> শ্রেণীকক্ষে পর্যাপ্ত আলো আছে কিনা নিশ্চিত করা।<br>> সম্ভব হলে শিশুকে চশমা ব্যবহার করতে বলা। |
|  তথ্য প্রক্রিয়া করার জন্য শিশুটির তার সমবয়সীদের চেয়ে বেশি সময় লাগছে কিনা? | > শিশুকে তার কাজ বা অ্যাসাইনমেন্টগুলি সম্পূর্ণ করার জন্য আরও সময় দেওয়া।<br>> কাজ করার সময় প্রয়োজন অনুসারে শিশুকে বিরতি নিতে দেওয়া।<br>> শ্রেণীকক্ষে অতিরিক্ত উত্তেজনা সৃষ্টি হলে সেখান থেকে প্রয়োজনানুযায়ী বিরতি বা শান্তভাবে বসার জন্য একটি "নীরব কর্নার" স্থাপন করা। |
|  শিশুর কি বুঝতে সমস্যা হয় বা বারবার নির্দেশনার প্রয়োজন হয়? | > শিশুকে তার পাঠ্য বিষয় এবং এর উদ্দেশ্যগুলি সম্পর্কে পর খসড়া দেওয়া।<br>> পাঠের শেষে একটি সারাংশ দেওয়া।<br>> দিকনির্দেশনাগুলি ধপে ধাপে ভাগ করে দেওয়া এবং অ্যাসাইনমেন্টগুলিকে ছোট ছোট কাজে ভাগ করা<br>> তথ্যগুল্যে দৃশ্যত এবা মৌখিকভাবে উপস্থাপন করা।<br>> শিশুকে নির্দেশাবলী পুনরায় বলতে বলা।<br>> শিশুদের একে অপরকে নির্দেশাবলী ব্যাখ্যা করতে বলা। |